

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-১ অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০৫৮.১৮- ৪৮

তারিখঃ-১১/০২/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ এর আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ শেসাখামেক/গোপা/২০১৯/৬৫৬ তারিখঃ ১৫/১০/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে এবং ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২২/০১/২০২০ তারিখের ০৭.১৫৬.০১৫.৪৫.০২.১৩.২০১৩-৪৮ নং স্মারকের সম্মতিক্রমে শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ এর নিম্ন বর্ণিত সেবাসমূহ নিম্নোক্ত শর্তে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ অনুসারে সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল।

সেবার ক্যাটাগরি	সেবা কর্মীর সংখ্যা
ক্যাটাগরি-৪	০৫ (মালী-৩, বাবুর্চি-০২)
ক্যাটাগরি-৫	২৫ (আয়া-০৬, সহকারী বাবুর্চি-০৪, নিরাপত্তা প্রহরী-০৫, পরিচ্ছন্নতাকর্মী-১০)
মোট=	৩০

উল্লেখ্য যে, অফিস সহায়ক পদটি আউটসোর্সিংয়ের পরিবর্তে রাজস্বখাতে সৃজন ও নিয়োগে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেছে।

শর্তাবলীঃ

- (১) সেবা ক্রয়কারী, আউটসোর্সিং এর জন্য নির্ধারিত সেবাসমূহ সম্পাদনের জন্য সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ অনুসরণপূর্বক সেবা গ্রহণ করবে;
- (২) অনুমোদিত সেবা ও সেবাকর্মীর অতিরিক্ত কোন সেবা ক্রয় করা যাবে না;
- (৩) আউটসোর্সিংয়ের জন্য নির্ধারিত সেবাসমূহ প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা অনুসরণপূর্বক সেবাক্রয় করতে হবে;
- (৪) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর শারীরিক সক্ষমতা থাকতে হবে;
- (৫) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;
- (৬) সরকারি তহবিল দ্বারা আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর ক্যাটাগরি, সংখ্যা ও যোগ্যতা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ নির্ধারণ করবে;
- (৭) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারী ব্যক্তির বয়সসীমা ১৮-৬০ বছর হবে;
- (৮) অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯.২৫৯ তাং-১০/০৬/২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবামূল্য নির্ধারণ করতে হবে;
- (৯) সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- (১০) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- (১১) জনবল পূরণের ১৫ দিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

অধ্যক্ষ

শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ
গোপালগঞ্জ।

১১.০২.২০২০
(মোহাম্মদ মোহসীন উদ্দিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৬০৫১

email-per1@mefwd.gov.bd

অ:পু:দ্র:

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৬। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।